বরিশালে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের শহিদদের স্মরণে বিশেষ সভা অনুষ্ঠিত

written by Chandradip News24 | December 7, 2024

ই-আগস্টে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে
ণে তাঁদের পরিবারের সদস্যদের উপস্থিতিতে
রণসভা

বরিশালে ২০২৪ সালের জুলাই-আগস্টে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে আহত ও শহিদদের স্মরণে এক বিশেষ স্মরণসভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার (৭ ডিসেম্বর) সকাল ১১টায় বরিশাল জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে জেলা প্রশাসনের উদ্যোগে এই সভা আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বরিশাল বিভাগের কমিশনার মো. রায়হান কাওছার। সভার সভাপতিত্ব করেন বরিশালের জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ দেলোয়ার হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত ডিআইজি বরিশাল রেঞ্জ মো. নাজিমুল হক, সিভিল সার্জন ডা. মারিয়া হাসান, অতিরিক্ত পুলিশ সুপার মো. আলাউল হাসান এবং সেনা কর্মকর্তা মেজর হাফিজ। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আহ্বায়ক শহিদুল ইসলাম শাহেদ, শহিদ পরিবারের সদস্যগণ, প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, বিশিষ্ট নাগরিক এবং বিভিন্ন

শ্রেণি-পেশার মানুষও সভায় অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানটি শুরু হয় শহিদদের স্মরণে এক মিনিট নিরবতা পালনের মাধ্যমে। পরে অতিথিরা গণঅভ্যুত্থানের পটভূমি, শহিদদের আত্মত্যাগ এবং তাঁদের অবদানের তাৎপর্য নিয়ে বক্তব্য রাখেন। বক্তারা বলেন, গণতন্ত্র এবং ন্যায়ের পথে চলতে শহিদদের ত্যাগ চিরকাল প্রেরণা হয়ে থাকবে।

বরিশালের জেলা প্রশাসক মোহাম্মদ দেলোয়ার হোসেন বলেন, “এই শহিদদের আত্মত্যাগ আমাদের আলোকবর্তিকা। তাঁদের পরিবারগুলোর পাশে আছি এবং বরিশালের উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ।”

গণঅভ্যুত্থানের ঐতিহাসিক গুরুত্ব তুলে ধরতে বিশেষ সঙ্গীত পরিবেশিত হয়, যা উপস্থিত সকলকে আবেগাপ্লুত করে। বরিশালের আন্দোলনে শহিদ হওয়া ৩০ জন এবং আহত হওয়া ২৬২ জনের ত্যাগ স্মরণ করে দোয়া মোনাজাতের মাধ্যমে অনুষ্ঠান শেষ হয়।

মো: তুহিন হোসেন,
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম